

💵 নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل) রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

৪৬। মর্যাদা ও ক্ষমতাশীল ব্যক্তিদের দা ওয়াতের ব্যাপারে মনোযোগী হওয়া (العناية بذوى المكانة من الناس)

আল্লাহ তা'আলা বলেন:

(وَلَقَدْ أَرْسَلْنَا مُوسَى بِآيَاتِنَا وَسُلُطَانٍ مُبِينٍ (23) إِلَى فِرْعَوْنَ وَهَامَانَ وَقَارُونَ فَقَالُوا سَاحِرٌ كَذَّابٌ (24)) ... [غافر: 23 _ 24].

'আর অবশ্যই আমি মূসাকে প্রেরণ করেছিলাম আমার নিদর্শনাবলী ও স্পষ্ট প্রমাণসহ। (২৩) ফির'আউন, হামান ও কারনের প্রতি। অতঃপর তারা বলল, 'সে এক যাদুকর, চরম মিথ্যাবাদী' (সূরা গাফির:২৩-২৪)। আল্লাহ তা'আলা মুসা (আঃ) সম্পর্কে বলেন:

(اَذْهَبْ أَنْتَ وَأَخُوكَ بِآيَاتِي وَلَا تَنِيَا فِي ذِكْرِي (42) اذْهَبَا إِلَى فِرْعَوْنَ إِنَّهُ طَغَى (43) فَقُولَا لَهُ قَوْلًا لَيِّنَا لَعَلَّهُ يَتَذَكَّرُ أَوْ يَخْشَى (44)) [طه: 42 _44].

'তুমি ও তোমার ভাই আমার আয়াতসমূহ নিয়ে যাও এবং আমাকে স্মরণ করার ক্ষেত্রে কোনরূপ অলসতা করো না। (৪২) তোমরা দু'জন ফির'আউনের নিকট যাও, কেননা সে তো সীমালংঘন করেছে। (৪৩) তোমরা তার সাথে নরম কথা বলবে। হয়তোবা সে উপদেশ গ্রহণ করবে অথবা ভয় করবে' (সূরা ত্বহা:৪২-৪৪)।

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ عَنِ النَّبِيِّ _ صلى الله عليه وسلم _ قَالَ: «لَوْ آمَنَ بِي عَشَرَةٌ مِنَ اليَهُودِ لآمَنَ بِي اليَهُودِ لآمَنَ بِي عَشَرَةٌ مِنَ اليَهُودِ لآمَنَ بِي اليَهُودُ». متفق عليه، أخرجه البخاري برقم (3941) واللفظ له، ومسلم برقم (2793)

আবৃ হুরায়রা (রা.) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) হতে বর্ণনা করেন, তিনি বলেন, যদি আমার উপর দশজন ইয়াহূদী ঈমান আনতো, তবে গোটা ইয়াহূদী সম্প্রদায়ই ঈমান আনত (ছহীহ বুখারী, হা/৩৯৪১; ছহীহ মুসলিম, হা/২৭৯৩)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9387

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন